

# কুমিল্লায় পলিটেকনিক শিক্ষার্থীদের অবরোধে মহাসড়কে ঘণ্টাব্যাপী যান চলাচল বন্ধ

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, কুমিল্লা

| ঢাকা, শুক্রবার, ১৫ জানুয়ারী ২০২১

কুমিল্লায় চার দফা দাবি আদায়ে সরকারি ও বেসরকারি পলিটেকনিক প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের অবরোধে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে প্রায় একঘণ্টা যানবাহন চলাচল বন্ধ থাকে। এতে ফোর লেন মহাসড়কের দুইপাশে আটকা পড়ে যাত্রীবাহী দূরপাল্লার বাস ও মালবাহী অসংখ্য বাহন। এতে বিভিন্ন পরিবহনের যাত্রীদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হয়।

জানা যায়, করোনাকালীন স্মৃতিত্ব দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ পর্বের তাত্ত্বিক পরীক্ষাগুলোকে অটোপাস এবং তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বের ক্লাসে শর্ট সিলেবাসে পরীক্ষা নেয়াসহ চার দফা দাবি আদায়ে গতকাল সকাল সাড়ে ১১টা থেকে ঘণ্টাব্যাপী মহাসড়কে অবরোধ সৃষ্টি করে ছাত্র সমাবেশ ও মানববন্ধনসহ বিক্ষোভ কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা। পরবর্তীতে কুমিল্লা সদর দক্ষিণ থানা ও কুমিল্লা হাইওয়ে পুলিশের কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার পর মহাসড়কে যানবাহন চলাচল স্বাভাবিক হয়।

এ আন্দোলনে অংশ নেয় কুমিল্লার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সিসিএন ও সিপিপিআই পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। আন্দোলনে অংশ নেয়া কুমিল্লা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ষষ্ঠ

পর্বের শিক্ষার্থী ইমাতয়াজ, কাজী মেহরাজ, ইসমাইল মজুমদার, মাসুম বিল্লাহ, রিয়াজ মজুমদার, স্বর্ণালী সুমি, সিসিএন পলিটেকনিকের শিক্ষার্থী নাইম, ফাহাদ ও সিপিপিআই পলিটেকনিকের শিক্ষার্থী আলমগীর হোসেনসহ অন্যান্য শিক্ষার্থীরা জানান, স্থগিত হওয়া দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ পর্বের তাত্ত্বিক পরীক্ষাগুলোকে অটোপাস এবং প্রথম, তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বের ক্লাসে শট সিলেবাসে পরীক্ষা নিতে হবে, এক মাসের লস মানি না, অতিরিক্ত ফি প্রত্যাহার ও প্রাইভেট পলিটেকনিকেল সেমিস্টার ফি মওকুফ করতে হবে এবং সব প্রকৌশল বিশ^বিদ্যালয় ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য আসন বরাদ্দ করতে হবে।

এই চার দফা দাবি মেনে না নেয়া পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে। বিকেলে কুমিল্লা সদর দক্ষিণ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার প্রশান্ত পাল বলেন, হঠাৎ করে শিক্ষার্থীরা তাদের দাবি-দাওয়া নিয়ে মহাসড়কে অবরোধের সৃষ্টি করে। আমরা পলিটেকনিক ইনস্টিটিউটগুলোর শিক্ষকদের সঙ্গে আলাপ করে দাবি মেনে নেয়ার আশ^াস দিলে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়।